বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

ত্রৈমাসিক বুলেটিন

মুজিব শতবর্ষ MUJIB 100

# ডিপিডিসি বুলেটিন

Dhaka Power Distribution Company Limited · ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড · DPDC

বর্ষ : ০৩ সংখ্যা : ১১ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ নভেম্বর ২০২১ খ্রি.

## জিওগ্রাফিক ইনফরমেশন সিস্টেম (জিআইএস) ব্যবহারের স্বীকৃতি পেল ডিপিডিসি





গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত 'ডিজিটাল বাংলাদেশ' বিনির্মাণের প্রতিশ্রুতিকে সামনে রেখে ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) গ্রাহক সেবার মান বৃদ্ধি ও প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে তথ্য প্রযুক্তি নির্ভর নানাবিধ কর্মসূচি গ্রহণ করে আসছে।

সম্প্রতি বিদ্যুৎ খাতে অধিক দক্ষতা ও উৎপাদনশীলতা অর্জনের জন্য জিওস্পেশাল টেকনোলোজির ব্যতিক্রমী ও উদ্ভাবনী প্রয়োগের স্বীকৃতিস্বরূপ ডিপিডিসি একটি আন্তর্জাতিক সম্মাননা পুরস্কার অর্জন করেছে। ১৫ জুলাই ২০২১ তারিখে Annual ESRI (Environmental Systems Research Institute) User Conference ডিপিডিসি-কে বিশ্বব্যাপী ১,০০,০০০ প্রতিষ্ঠানের মধ্যে Special Achievement in GIS (SAG) এওয়ার্ডে ভূষিত করা হয়।

অর্জনটি স্মরণীয় করে রাখতে ২১ অক্টোবর ২০২১ তারিখে ডিপিডিসির ৩১২তম বোর্ডসভায় বিদ্যুৎ সচিব মহোদয় এবং পরিচালনা পর্ষদের সম্মানিত পরিচালকবৃন্দের উপস্থিতিতে কেক কাটা হয়। বিদ্যুৎ সচিব মহোদয়, ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এবং জিআইএস ম্যাপিং প্রকল্পের সাথে সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণকে অভিনন্দন জানান এবং ভবিষ্যতে কর্মস্পৃহা বজায় রাখার জন্য উৎসাহ প্রদান করেন।

Special Achievement in GIS (SAG) পুরস্কারটি পৃথিবীকে সুন্দরভাবে গড়ে তুলার উদ্দেশ্যে, GIS প্রযুক্তি ব্যবহারকারী প্রতিষ্ঠানের জন্য সর্বোত্তম সম্মান হিসেবে বিশ্বব্যাপী স্বীকৃত। ডিপিডিসিই বাংলাদেশের প্রথম এবং একমাত্র কোম্পানি হিসেবে SAG পুরস্কার অর্জন করেছে।

ESRI এর শীর্ষস্থানীয় ArcGIS প্লাটফর্ম ব্যবহার করে ডিপিডিসি ম্যানুয়াল, ডকুমেন্ট ভিত্তিক প্রক্রিয়াগুলিকে ডিজিটাল পদ্ধতিতে উন্নীতকরণ ও আধুনিকীকরণ করার জন্য সফলভাবে পদক্ষেপ নিয়েছে। একইসাথে ডিপিডিসির অন্তর্ভুক্ত ঢাকা এবং নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের তিনটি অঞ্চল যেমন নর্থ, সেন্ট্রাল এবং সাউথে বিতরণ নেটওয়ার্কে পরিকল্পনা, সিস্টেম পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য জিআইএস ভিত্তিক ম্যাপিং চালু করেছে। নেটওয়ার্কের বিশ্লেষণ এবং ব্যবস্থাপনার কার্যকারিতা আরও বাড়ানোর জন্য, ডিপিডিসি একটি ইঞ্জিনিয়ারিং অ্যানালাইসিস সিস্টেমের সাথে জিআইএস এর ইন্টিগ্রেশান করেছে। ArcGIS এর অনলাইন প্লাটফর্ম WebGIS ব্যবহার করে নেটওয়ার্কে তথ্য বিশ্লেষণ, সংরক্ষণ, আদান-প্রদানের মাধ্যমে ডিপিডিসির সার্বিক কার্যক্রম এবং গ্রাহক পরিষেবা আরো উন্নত করা হয়েছে।

অনুষ্ঠানে ডিপিডিসির জিআইএস ম্যাপিং প্রকল্পের পরিচালক এবং সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ার স্বপন কুমার ভৌমিক বলেন "ArcGIS এর অনলাইন ও অফলাইন প্লাটফর্ম ব্যবহার করে ডিপিডিসি'র কর্মকর্তাবৃন্দ ডিস্ট্রিবিউশন নেটওয়ার্কের যথাযথ ও নির্ভুল বিশ্লেষণ করতে পারছেন। Call Centre এর সাথে ইন্টিগ্রেশনের মাধ্যমে ডিপিডিসি'র সম্মানিত গ্রাহকদের দ্রুততার সাথে সেবা প্রদান সম্ভব হচ্ছে।" প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে ডিপিডিসির বৈদ্যুতিক বিতরণ নেটওয়ার্কের অপারেশন, রক্ষণাবেক্ষণ, সংস্কার এবং সম্প্রসারণ পরিকল্পনাগুলি আরও ভালভাবে পরিচালনা করা সম্ভব হচ্ছে। ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান বলেন,

■এরপর পৃষ্ঠা ২

# ডিএনসিসি মেয়র এর সাথে ডিপিডিসি'র কর্মকর্তাদের সৌজন্য সাক্ষাৎ




ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) এর আওতাধীন এলাকায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারণ এবং শক্তিশালীকরণ প্রকল্প (জি টু জি) এর আওতায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অন্তর্ভুক্ত গাবতলী সিটি পল্লী সংলগ্ন এলাকায় ১৩২/৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণ ও ভূগর্ভস্থ কেবল স্থাপনের নিমিত্ত জমি বরাদ্দ সংক্রান্ত বিষয়ে ডিপিডিসি ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (ডিএনসিসি) মধ্যকার সভা ডিএনসিসি'র সম্মেলন কক্ষে গত ২২ সেপ্টেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (ডিএনসিসি) এর মাননীয় মেয়র মোঃ আতিকুল ইসলাম, ডিপিডিসি'র জি টু জি প্রকল্পের প্রশংসা করেন এবং প্রকল্প বিষয়ে সকল ধরনের সহায়তা প্রদানের আশ্বাস প্রদান করেন। সভায় ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান, নির্বাহী পরিচালকবৃন্দসহ সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

# নিরবচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ





সম্মানিত গ্রাহকদের নিরবচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহের জন্য ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) বদ্ধপরিকর। সকল সময় ও যেকোন পরিস্থিতিতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য ডিপিডিসি'র সকল এনওসিএস দপ্তর বিতরণ লাইন সংস্কার ও মেরামত কাজ নিরলসভাবে করে যাচ্ছে।

■১ম পৃষ্ঠার পর জিওগ্রাফিক ইনফরমেশন "এ অর্জন আমাদের জন্য গর্বের, কারণ এর মাধ্যমে ডিপিডিসি বিদ্যুৎ বিতরণ কোম্পানি হিসেবে উন্নত বিশ্বে নিজের পরিচিতি ও অবস্থান সমুন্নত করবে। আমরা কাজের দক্ষতা এবং কার্যকারিতা উন্নত করার পাশাপাশি ডিপিডিসির ডিস্ট্রিবিউশন নেটওয়ার্ককে স্মার্ট গ্রিডে রূপান্তর করার জন্য পাওয়ার গ্রিডে নতুনত্ব এবং প্রযুক্তিগত উৎকর্ষ অব্যাহত রাখব। এরই ধারাবাহিকতায় ভবিষ্যতে জিআইএস সিস্টেমকে SCADA, AMI এবং Smart Metering এর সাথে ইন্টিগ্রেট করার পরিকল্পনা আছে। সর্বোপরি জিআইএস টেকনোলজি ব্যাবহার করে ডিপিডিসিকে একটি ডিজিটাল ও গ্রাহক বান্ধব প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলতে আমরা সর্বদা বদ্ধপরিকর।"

## ডিপিডিসি'র পরিচালনা পর্ষদে নতুন পরিচালক



**মোহাঃ গোলাম রাববানী**
যুগ্ম-সচিব, বিদ্যুৎ বিভাগ
সদস্য, পরিচালনা পর্ষদ



**মোঃ সামছুল আলম**
সদস্য (বিতরণ), বিউবো
সদস্য, পরিচালনা পর্ষদ

ডিপিডিসি'র পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে মোহা. গোলাম রাববানী, যুগ্মসচিব, বিদ্যুৎ বিভাগ এবং মো. শামছুল আলম, সদস্য (বিতরণ) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড যোগদান করেছেন। ডিপিডিসি পরিবারের পক্ষ থেকে সদ্য যোগদানকৃত পরিচালকদ্বয়কে স্বাগত জানানো হয়।

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

মুজিব শতবর্ষ MUJIB 100

## করোনা ভাইরাস

আতংক নয়
সচেতন হই
স্বাস্থ্যবিধি মেনে চলি

### প্রাথমিক লক্ষণ...

জ্বর, কাশি, মাথা ও গলা ব্যথা, চূড়ান্ত পর্যায়ে অজ্ঞান হয়ে যাওয়া।

### যেভাবে ছড়ায়...

আক্রান্ত ব্যক্তির সংস্পর্শে হাঁচি ও কাশির মাধ্যমে।

কোন কিছু স্পর্শ করে ভালোভাবে হাত না ধুয়ে মুখ, নাক, চোখে হাত লাগালে।

সুযোগ, হুজুগ ও গুজবে মেতে নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি

অধিক ক্রয়, মজুদ ও মুনাফা অর্জনে বিরত থাকুন

জাতীয় ও বৈশ্বিক দুর্যোগে 'দুর্নীতি-লুটপাট নয় মানবিক হোন'

### প্রতিরোধে করণীয়...

- জরুরি প্রয়োজন ছাড়া ঘর থেকে বের না হওয়া।
- কমপক্ষে ২০ সেকেন্ড যাবৎ সাবান দিয়ে বার বার হাত ধোয়া।
- জনসমাগম এড়িয়ে চলা।
- হ্যান্ডশেক ও কোলাকুলি থেকে বিরত থাকা
- আক্রান্ত ব্যক্তির সংস্পর্শ থেকে দূরে থাকা।
- হাঁচি-কাশি দেয়ার সময় মুখ ঢেকে রাখা।
- জনবহুল এলাকায় মাস্ক ব্যবহার করা।
- ঘরে প্রবেশ করে গায়ের পোশাক ধুয়ে ফেলা।
- পশু, পাখি ও বন্যপ্রাণীর সংস্পর্শ থেকে দূরে থাকা।
- প্রাথমিক লক্ষণ দেখা দিলে গোপন না করে চিকিৎসকের পরামর্শ নেয়া

আক্রান্ত ও বিদেশ ফেরৎ ব্যক্তি কোয়ারেন্টাইন না মানলে প্রশাসনকে অবহিত করা।

ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড

# জাতীয় শোক দিবস পালন

১৫ আগস্ট ২০২১ জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদত বার্ষিকী পালন উপলক্ষে ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) এর পক্ষ থেকে নানা কর্মসূচি আয়োজন করা হয়। জাতীয় শোক দিবসের সকালে ডিপিডিসি'র প্রধান কার্যালয়ে অবস্থিত বঙ্গবন্ধু কর্নারে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে ১৫ই আগস্টের সকল শহিদের প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদন করা হয়। বিদ্যুৎ বিভাগের সচিব ও ডিপিডিসি'র পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মোঃ হাবিবুর রহমান এর নেতৃত্বে ডিপিডিসি'র পক্ষ থেকে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এ সময় ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান, বিদ্যুৎ বিভাগের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, ডিপিডিসি'র সকল নির্বাহী পরিচালকসহ অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।










জাতীয় শোক দিবস উপলক্ষে করোনাকালীণ ত্রাণ হিসেবে ডিপিডিসি'র পক্ষ হতে ৩৬টি এনওসিএস বিভাগের আওতাধীন এলাকায় দরিদ্র্য, অসহায় ও দুঃস্থ ১১০০টি পরিবারের প্রত্যেককে ১০০০ টাকার খাদ্য সামগ্রী ত্রাণ হিসেবে প্রদান করা হয়। বিতরণকৃত ত্রাণের মধ্যে চাল, ডাল, লবণ, তেল, মাস্কসহ নিত্য প্রয়োজনীয় সামগ্রী ছিল। কেন্দ্রীয়ভাবে ডিপিডিসি'র সিএসআর তহবিল থেকে উক্ত খরচ নির্বাহ করা হয়। এনওসিএস-এর নির্বাহী প্রকৌশলীগণ ত্রাণ বিতরণ কার্যক্রম বাস্তবায়ন করেন।

## জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ডিপিডিসি'র আলোচনা সভা

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে ডিপিডিসি'র উদ্যোগে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে বিশেষ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় জাতির পিতার জীবনের নানা দিক ও তার রাজনৈতিক দর্শন নিয়ে আলোচনা হয়। অনুষ্ঠিত সভায় সকল নির্বাহী পরিচালক, কোম্পানি সচিব, প্রধান প্রকৌশলী/জেনারেল ম্যানেজার, তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ডিজিএম, নির্বাহী প্রকৌশলী/ম্যানেজারগণ উপস্থিত থেকে আলোচনায় অংশগ্রহণ করেন। ডিপিডিসি'র ডেপুটি জেনারেল ম্যানেজার (এইচ আর) মোঃ শামীমুল হক আলোচনা সভা সঞ্চালনা করেন।



## জাতীয় শোক দিবস উপলক্ষে দোয়া ও মিলাদ মাহিফল

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬তম শাহাদত বার্ষিকী ও ১৫ই আগস্টের সকল শহিদদের জন্য ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)'র পক্ষ থেকে বিভিন্ন এনওসিএস দপ্তরের আওতাধীন এলাকার মসজিদে দোয়া ও মিলাদ মাহফিলের আয়োজন করা হয় এবং দোয়া শেষে দুঃস্থ ও দরিদ্র্য ব্যক্তিদের মাঝে স্বাস্থ্যবিধি মেনে খাবার বিতরণ করা হয়।




# ২০২০-২০২১ অর্থবছরের এপিএ বাস্তবায়ন প্রণোদনা প্রদান





গত ১১ অক্টোবর তারিখে ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন সূচকে ডিপিডিসি'র সেরা দপ্তর নির্বাচিত হয়েছে এনওসিএস লালবাগ। এ উপলক্ষে প্রণোদনা প্রদান অনুষ্ঠান ডিপিডিসি'র প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নির্বাহী পরিচালক (অপারেশন) ও আহ্বায়ক, এপিএ প্রনোদনা প্রদান বাস্তবায়ন কমিটি আবদুর রউফ খান। এপিএ চুক্তি বাস্তবায়নে প্রথম হওয়ায় স্বীকৃতিস্বরূপ ব্যবস্থাপনা পরিচালক সম্মাননা হিসেবে এনওসিএস লালবাগ দপ্তরকে ক্রেস্ট ও উক্ত দপ্তরের ৪০ জন কর্মকর্তা/কর্মচারীদের প্রত্যেককে এক হাজার টাকা মূল্যের প্রাইজবন্ড প্রণোদনা হিসেবে প্রদান করেন। এনওসিএস লালবাগ দপ্তরের নির্বাহী প্রকৌশলী মো. রাখিবুল হাসান দপ্তর প্রধান হিসেবে ব্যবস্থাপনা পরিচালকের নিকট থেকে ক্রেস্ট গ্রহণ করেন। লালবাগ দপ্তরের অন্যান্য কর্মকর্তা-কর্মচারীগণ ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে অনুষ্ঠানে সংযুক্ত থাকেন। ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান এপিএ সূচকে সেরা নির্বাচিত এনওসিএস লালবাগ দপ্তরের কর্মকর্তা কর্মচারীগণকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করেন এবং অন্যান্য সকল দপ্তরকে এপিএ লক্ষ্যমাত্রা অর্জনে আরোও আন্তরিক হওয়ার পরামর্শ প্রদান করেন। ডিপিডিসি'র সকল নির্বাহী পরিচালক, কোম্পানি সচিব/ জেনারেল ম্যানেজার সহ ঊর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। এছাড়াও উক্ত অনুষ্ঠানে ডিপিডিসি'র নির্বাহী প্রকৌশলী/ম্যানেজার হতে তদুর্ধ্ব কর্মকর্তাগণ ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে সংযুক্ত থাকেন। ডিপিডিসি'র ডেপুটি জেলারেল ম্যানেজার (এইচ আর) মো. শামীমুল হক আলোচনা সভা সঞ্চালনা করেন।

## ডিপিডিসি'র 'অফিস ম্যানেজমেন্ট' কোর্সের প্রশিক্ষণ অনুষ্ঠিত




ডিপিডিসি'র প্রশিক্ষণ ও উন্নয়ন দপ্তরের আয়োজনে 'অফিস ম্যানেজমেন্ট' প্রশিক্ষণ কোর্সের ১০ম, ১১তম ও ১২তম কোর্সে যথাক্রমে গত ২৭ জুলাই হতে ৫ আগস্ট, ১০ আগস্ট হতে ১৮ আগস্ট এবং ২২ আগস্ট হতে ২৬ আগস্ট পর্যন্ত অনুষ্ঠিত হয়। ডিপিডিসি'র উপ-বিভাগীয় প্রকৌশলী ও সহকারী প্রকৌশলী পদবীর কর্মকর্তাগণ প্রশিক্ষণার্থী হিসেবে এ প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। ১০ম ব্যাচে ৩৫ জন, ১১তম ব্যাচে ৪৬ জন এবং ১২তম কোর্সে ৪০ জন কর্মকর্তা প্রশিক্ষণার্থী হিসেবে এ প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। প্রশিক্ষণার্থীদের প্রদত্ত ফিডব্যাক স্কোর অনুযায়ী ১০ম, ১১তম ও ১২তম প্রশিক্ষণ কোর্সের কার্যকারিতা ১০ এর মধ্যে যথাক্রমে ৯.৪১, ৯.৪৮ এবং ৯.৩৯।

## ডিপিডিসি বিজ্ঞপ্তি

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

**বিদ্যুৎ সংযোগের জন্য সরকারি ফি ব্যতীত বাড়তি টাকার প্রয়োজন নেই। ডিপিডিসির কোন এমপ্লয়ি অতিরিক্ত টাকা দাবি করলে সরাসরি কর্তৃপক্ষের সাথে অভিযোগ করুন।**

**বিদ্যুৎ সংযোগ কিংবা সেবা গ্রহণে অযথা কোন মধ্যস্বত্বভোগী কিংবা দালালের আশ্রয় গ্রহণ করবেন না।**

| | |
|---|---|
| নির্বাহী পরিচালক অপারেশন | : ০১৭৩০ ৩৩৫০৭৯ |
| কোম্পানি সচিব | : ০১৭৩০ ৩৩৫০২৬ |
| প্রধান প্রকৌশলী (সেন্টাল) | : ০১৭৩০ ৩৩৫০৯৪ |
| প্রধান প্রকৌশলী (নর্থ) | : ০১৭৩০ ৩৩৫০৮০ |
| প্রধান প্রকৌশলী (সাউথ) | : ০১৭৩০ ৩৩৫০৭৬ |
| ডিজিএম, পাবলিক রিলেশনস | : ০১৭৩০ ৩৩৫২১৮ |

ডিপিডিসি বুলেটিনে ডিপিডিসি'র বিভিন্ন অনুষ্ঠানের খবর ও ছবি নিয়মিতভাবে প্রকাশিত হচ্ছে। ভবিষ্যতে অনুষ্ঠিতব্য অনুষ্ঠানের খবর ও ছবি ডিজিএম (পাবলিক রিলেশন্স) দপ্তরে হার্ডকপি এবং ডিপিডিসি'র নিম্নোক্ত ই-মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

dgmhrpr@dpdc.org.bd

# ডিপিডিসি'র সিবিএ নির্বাচন অনুষ্ঠিত



গত ১৬ সেপ্টেম্বর ২০২১ ডিপিডিসি'র যৌথ দরকষাকষি প্রতিনিধি (সিবিএ) নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে সভাপতি ও সাধারণ সম্পাদক পদে যথাক্রমে মো. নাসির উদ্দিন তালুকদার ও মো. বোরহান উদ্দিন ভূঁঞা নির্বাচিত হয়েছেন। সিবিএ নির্বাচনে বিজয়ী ডিপিডিসি শ্রমিক লীগ (রেজি নং-ঢাকা-৩১৬৫) এর প্রতিনিধিবৃন্দ গত ২১ সেপ্টেম্বর ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। ব্যবস্থাপনা পরিচালক নবনির্বাচিত প্রতিনিধিবৃন্দকে ফুলেল শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করেন।



মো. নাসির উদ্দিন তালুকদার
সভাপতি



মো. বোরহান উদ্দিন ভূঁঞা
সাধারণ সম্পাদক

# বিদ্যুতের তার ভূগর্ভে নেওয়ার কাজ শুরু

বিদ্যুতের নিরাপদ সঞ্চালন নিশ্চিত করতে ধানমন্ডি এলাকার সকল বিদ্যুৎ সংযোগের তার মাটির নিচ দিয়ে নেওয়ার ব্যাপারে কাজ শুরু করেছে ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি (ডিপিডিসি)। ডিপিডিসি'র মেগা প্রকল্প হিসেবে প্রাথমিকভাবে ধানমন্ডি এলাকায় এই কাজ সম্পন্ন করা হবে। রাস্তা খননের জন্য ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) সাথে সমন্বয়পূর্বক প্রকল্পের অধীনে ধানমন্ডি এলাকায় মাথার উপরে থাকা বিদ্যুৎ সংযোগের তার মাটির নিচে নেয়ার কাজ সম্পন্ন হবে। চীন ও বাংলাদেশ সরকারের অর্থায়নে এই মেগা প্রকল্পের অধীনে ৪০ টি উপকেন্দ্র স্থাপনসহ নানা ধরনের উন্নয়নমূলক কর্মকাণ্ড বাস্তবায়ন হবে। এ প্রকল্প বাস্তবায়ন হলে ঢাকা শহরে মাথার উপরে ঝুলে থাকা তারের যে সমস্যা রয়েছে তা দূর এবং বৈদ্যুতিক দুর্ঘটনা হ্রাস ও নিরাপত্তা নিশ্চিত হবে। প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে ঢাকা শহরের বিদ্যুৎ বিরতণ ব্যবস্থা বিশ্বের উন্নত দেশগুলোর সমকক্ষ হবে।



# 'মন আচরণ ও সাফল্য' শীর্ষক বইয়ের মোড়ক উন্মোচন



ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) এর সাবেক নির্বাহী পরিচালক (এডমিন এন্ড এইচ আর) আবু তাজ মোঃ জাকির হোসেন রচিত 'মন আচরণ ও সাফল্য' শীর্ষক বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠান ডিপিডিসি'র সম্মেলন কক্ষে ১৩ অক্টোবর কক্ষে অনুষ্ঠিত হয়। মস্তিষ্ক মানুষের মনকে নিয়ন্ত্রণ করে এবং মনের মাধ্যমে মানুষের মনোভাব, আবেগ, চিন্তা-ভাবনা, বুদ্ধিমত্তা, জ্ঞানীয় প্রক্রিয়ার মাধ্যমে ব্যক্তিত্বের বিকাশ ঘটে, যার বহিঃপ্রকাশ ঘটে আচরণে। মানুষের ব্যক্তিত্ব কেবল একটি বৈশিষ্ট্য বা গুণের ফলাফল নয় বরং ব্যক্তির চিন্তা অনুভূতি, ইচ্ছা ও শারীরিক বৈশিষ্ট্যসমূহের সমন্বিত অবস্থা যা এক ব্যক্তিকে অন্য ব্যক্তি থেকে পৃথক করে। লেখক 'মন আচরণ ও সাফল্য' বইতে মানব মন, আচরণ ও সাফল্যের মধ্যে সম্পর্ক এবং কিভাবে মন ও আচরণ নিয়ন্ত্রণের মাধ্যমে সাফল্য অর্জন করা যায় তা বাতলে দিয়েছেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক সচিব জনাব কাজী আখতার হোসেন। প্রধান অতিথি তার বক্তব্যে জটিল মনস্তাত্ত্বিক বিষয়কে সহজবোধ্যভাবে উপস্থাপন করার জন্য লেখককে ধন্যবাদ জ্ঞাপন ও বইটির ব্যাপক ■এরপর পৃষ্ঠা ৭



গত ২৭ অক্টোবর ২০২১ তারিখে ডিপিডিসি'র উদ্যোগে পবিত্র ঈদে মিলাদুন্নবী উপলক্ষে আলোচনা ও মিলাদ মাহফিল

বিদ্যুৎ গ্রাহকের যে কোন অনুসন্ধান, সেবা ও অভিযোগ এর জন্য কল করুন
১৬১১৬
২৪/৩৬৫

# ডিপিডিসি'র প্রধান কার্যালয়ের ৩য় তলার নব-নির্মিত অংশের উদ্বোধন





গত ১৮ আগস্ট ২০২১ রোজ বুধবার বিদ্যুৎ ভবনস্থ ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) এর প্রধান কার্যালয়ের ৩য় তলার নব-নির্মিত সম্প্রসারিত অংশের শুভ উদ্বোধন করেন ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান। সম্প্রসারিত এই অংশে ডিপিডিসি'র নির্বাহী পরিচালক (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট), প্রধান প্রকৌশলী (প্রকিউরমেন্ট এন্ড স্টোর), কোম্পানি সচিবালয়, ডিজিএম (এইচ আর, পাবলিক রিলেশনস্), ডিজিএম (ফিন্যান্স, রেগুলেটরী এ্যাফেয়ার্স), সিপিএফ সেল দপ্তরের জন্য অফিস কক্ষ বরাদ্দ দেয়া হয়েছে। নতুন অফিস কক্ষ নির্মাণের ফলে ডিপিডিসি'র দাপ্তরিক কর্মকান্ডে গতিশীলতা আসবে, উন্নত কর্ম-পরিবেশ নিশ্চিত হবে। উদ্বোধনী অনুষ্ঠানে ডিপিডিসি'র সকল নির্বাহী পরিচালক, কোম্পানি সচিব, প্রধান প্রকৌশলী, জেনারেল ম্যানেজারগণ সহ সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিভিল, মেইনটেন্যান্স দপ্তরের সার্বিক তত্ত্বাবধানে নব নির্মিত সম্প্রসারিত অংশের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে।

# ডিপিডিসি'র আওতাধীন ঝিগাতলা ৩৩/১১ কেভি উপকেন্দ্রে অগ্নি নির্বাপন মহড়া অনুষ্ঠিত






অনাকাঙ্ক্ষিত অগ্নিকাণ্ডের কারণে জান-মালের ব্যাপক ক্ষয়ক্ষতি রোধকল্পে সংস্থায় কর্মরত কর্মীদেরকে অগ্নিকান্ড সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং অগ্নি নির্বাপণের বিভিন্ন কলাকৌশল হাতে-কলমে শিক্ষাদানের জন্য ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) এর আওতাধীন ঝিগাতলা ৩৩/১১ কেভি উপকেন্দ্রে গত ১৭/১০/২০২১ তারিখ রবিবার সকাল ১০.০০ ঘটিকায় বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সহায়তায় একটি অগ্নি নির্বাপণ মহড়া অনুষ্ঠিত হয়। মোহাম্মদপুর ফায়ার স্টেশনের স্টেশন অফিসার আশরাফুল ইসলাম-এর নেতৃত্বে বাংলাদেশ ফায়ার সার্ভিসের একটি চৌকস অগ্নি নির্বাপক দল মহড়া পরিচালনা করেন। ঝিগাতলা ৩৩/১১ কেভি উপকেন্দ্র, নির্বাহী প্রকৌশলী, এনওসিএস ঝিগাতলা, ডিপিডিসি এবং প্রধান প্রকৌশলী, এনওসিএস (নর্থ) দপ্তরে কর্মরত প্রায় দুই শতাধিক কর্মী মহড়াটি প্রত্যক্ষ করেন এবং বিভিন্ন ইভেন্টে অংশ নেন। ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান, নির্বাহী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) মো. গিয়াস উদ্দিন জোয়ার্দার, নির্বাহী পরিচালক (অপারেশন্স) আবদুর রউফ খান, নির্বাহী পরিচালক (আইসিটি এ্যান্ড প্রকিউরমেন্ট) আব্দুল্লাহ্ নোমান, প্রধান প্রকৌশলী, এনওসিএস (নর্থ), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (গ্রীড নর্থ), নির্বাহী প্রকৌশলী (গ্রীড নর্থ-১) এবং ডিজিএম (এইচ আর), সিকিউরিটি-সহ ডিপিডিসি'র বিভিন্ন পর্যায়ের উর্ধ্বতন কর্মকর্তাগণ মহড়াটি প্রত্যক্ষ করেন। মহড়া শেষে স্টেশন অফিসার আশরাফুল ইসলাম উপস্থিত কর্মীদেরকে অগ্নি নির্বাপণের বিভিন্ন কৌশল সম্পর্কে ব্রিফিং দেন এবং হাতে কলমে অগ্নি নির্বাপক যন্ত্রের ব্যবহার শিক্ষা দেন। ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক মহোদয় মহড়াটি প্রত্যক্ষ করে সন্তুষ্টি প্রকাশ করেন এবং অত্যন্ত সুন্দর এবং কার্যকর মহড়া অনুষ্ঠানের জন্য মহড়ার আয়োজক, সকল অংশগ্রহণকারী বিশেষ করে ফায়ার সার্ভিসের অংশগ্রহণকারী দলকে ধন্যবাদ জানান এবং ডিপিডিসি'র কর্মীদেরকে ভবিষ্যতে যাতে কোন অগ্নি দুর্ঘটনা না ঘটে এ ব্যাপারে সতর্ক থাকার আহবান জানান। তিনি ডিপিডিসি'র কর্মীদের নিজস্ব উদ্যোগে ২/৩ মাস পর পর এ ধরণের অগ্নি নির্বাপন মহড়ার আয়োজন করতে নির্দেশ প্রদান করেন। উল্লেখ্য, ফায়ার সার্ভিসের সহায়তায় ইতোমধ্যে ডিপিডিসি'র বিভিন্ন উপকেন্দ্রে অগ্নিনির্বাপণ মহড়া অনুষ্ঠিত হয়েছে এবং পর্যায়ক্রমে সকল উপকেন্দ্রে একই ধরনের মহড়া অনুষ্ঠিত হওয়ার পরিকল্পনা হাতে নেয়া হয়েছে।

# ডিপিডিসি'র কোম্পানি সচিবালয় এর আওতাধীন স্পেশাল টাস্কফোর্স এর প্রতিবেদন

| আগষ্ট-২০২১ থেকে অক্টোবর-২০২১ পর্যন্ত | |
|---|---|
| অভিযান সংখ্যা | ৫৫ টি |
| সংযোগ বিচ্ছিন্ন | ৭০ টি |
| উদ্ঘাটিত বিদ্যুৎ চুরি | ০৮ লক্ষ ৪২ হাজার |
| ধার্যকৃত পেনাল বিল | ০২ কোটি ৯০ লক্ষ |
| আদায়কৃত পেনাল বিল | ০২ কোটি ১১ লক্ষ |
| মালামাল জব্দ | ৮৫ টি বৈদ্যুতিক মিটার, গ্রাহকের সার্ভিস তার এবং বাইপাসে ব্যবহৃত তার। |

**আগস্ট ২০২১- অক্টোবর ২০২১ পর্যন্ত অভিযানের উল্লেখযোগ্য সাফল্য :**

- বনশ্রী দপ্তরের গ্রাহক মো: আবুল হোসেন খানের আবাসিক স্থাপনায় ১৪.৮৮ লক্ষ টাকার পেনাল বিল।
- আদাবর দপ্তরের গ্রাহক এনামুল হকের আবাসিক স্থাপনায় ১৬.৩৩ লক্ষ টাকার পেনাল বিল।
- বাসাবো দপ্তরের গ্রাহক তোফাজ্জল হোসেনের স্থাপনায় ১৫.৮৭ লক্ষ টাকার পেনাল বিল।
- বনশ্রী দপ্তরের গ্রাহক তাইজুল ইসলামের আবাসিক স্থাপনায় ২২ লক্ষ টাকার পেনাল বিল।
- মানিকনগর দপ্তরের গ্রাহক আবিদ ফ্যাশান এর স্থাপনায় ৯.৮২ লক্ষ টাকার পেনাল বিল।
- আদাবর দপ্তরের মো: সালাউদ্দিন এর আবাসিক স্থাপনায় ৭.৯৮ লক্ষ টাকার পেনাল বিল।



*স্পেশাল টাস্কফোর্স কর্তৃক এনওসিএস বনশ্রী দপ্তরের আওতাধীন কাজীবাড়ি কাঁচা বাজারে বাইপাসের মাধ্যমে বিদ্যুৎ কারচুপি ঘটনা উদঘাটন।*

# বিশ্ব ডায়াবেটিস দিবস উপলক্ষে ডিপিডিসি'তে আলোচনা সভা অনুষ্ঠিত



"ডায়াবেটিস সেবা নিতে আর দেরি নয়" এ প্রতিপাদ্যকে সামনে রেখে ডায়াবেটিস রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ এবং এ সম্পর্কে সচেতনতা তৈরির লক্ষ্যে ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি (ডিপিডিসি) এর মেডিকেল দপ্তরের উদ্যোগে গত ১৪ নভেম্বর বিশ্ব ডায়াবেটিস দিবস উপলক্ষে ডিপিডিসি'র সম্মেলন কক্ষে একটি "Medical Webinar" এর আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান। ডিপিডিসি'র সকল নির্বাহী পরিচালক, কোম্পানি সচিব, প্রধান প্রকৌশলী, জেনারেল ম্যানেজারগণ এবং ডিপিডিসি'র প্রধান কার্যালয়স্থ ডিজিএম/তত্ত্বাবধায়ক প্রকৌশলী পদবীর কর্মকর্তাগণ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। এছাড়াও উক্ত "Medical Webinar"-এ সকল উপ-সহকারী প্রকৌশলী/ জুনিয়র এসিস্টেন্ট ম্যানেজার হতে তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ডিজিএম পদবীর কর্মকর্তাগণ অনলাইনে সংযুক্ত থাকেন। অনুষ্ঠানে ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান কর্মীদের স্বাস্থ্য সুরক্ষার উপর গুরুত্বারোপ করে বলেন, ডায়াবেটিস রোগ প্রতিরোধে নিয়মতান্ত্রিক জীবনযাপনের কোন বিকল্প নেই। এছাড়াও তিনি ডিপিডিসি'র কর্মীদের সুস্বাস্থ্যের কথা বিবেচনা করে একটি ফিটনেস সেন্টার স্থাপনের আশ্বাস প্রদান করেন। অলোচনা অনুষ্ঠানে ডিপিডিসি'র মেডিকেল অফিসার ডা. তামাতুন ইসলাম তানহা ডায়াবেটিসের ধরন, কারণ ও এর প্রতিকারের উপর বিস্তারিত আলোচনা করেন এবং একটি তথ্যবহুল প্রেজেন্টেশন প্রদান করেন। এছাড়াও অংশগ্রহণকারীদের মধ্যে ডায়াবেটিস রোগ সংক্রান্ত বিভিন্ন তথ্য ও প্রশ্নের উত্তর প্রদান করেন ডিপিডিসি'র চিফ মেডিকেল অফিসার ও সিনিয়র মেডিকেল অফিসার।

■৫ম পৃষ্ঠার পর 'মন আচরণ ও সাফল্য' প্রচার ও সাফল্য কামনা করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান। ডিপিডিসি'র সকল নির্বাহী পরিচালক, কোম্পানি সচিব/প্রধান প্রকৌশলী/ জেনারেল ম্যানেজার এবং প্রধান কার্যালয়ের সকল ডিজিএম/তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। এছাড়াও এনওসিএস দপ্তরের সকল কর্মকর্তা ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে অনুষ্ঠানে সংযুক্ত থাকেন।

# বিদ্যুৎ বিভাগের ইনোভেশন শো-কেসিং-২০২১ এ ডিপিডিসি'র ১ম স্থান অর্জন



বিদ্যুৎ বিভাগ কর্তৃক আয়োজিত ইনোভেশন শো-কেসিং-২০২১ এ "সরু ও জনাকীর্ণ জায়গায় সিঙ্গেল পোল ট্রান্সফরমার স্থাপন" শীর্ষক উদ্ভাবনের জন্য ১ম স্থান অর্জন করেছে ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)। ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান বিদ্যুৎ বিভাগের সচিব মো. হাবিবুর রহমান এর নিকট হতে ক্রেস্ট ও সন্মাননাপত্র গ্রহণ করেন।

নতুন বিদ্যুৎ সংযোগ, লোড বৃদ্ধি ও ৮০ কি.ও. লোড পর্যন্ত এলটিতে সংযোগ দেয়ায় প্রতিনিয়ত ট্রান্সফারমার স্থাপন বৃদ্ধি পাওয়ায় ঢাকা শহরে জায়গার সংকট দেখা দিচ্ছে। সরু রাস্তায় দুই পোলে ট্রান্সফারমার স্থাপন করা একদিকে কষ্টসাধ্য ও রাস্তায় চলাচলে বিঘ্ন ঘটে, অপরদিকে বাড়ির কাছাকাছি ট্রান্সফারমার স্থাপনে অগ্নিকাণ্ড ঘটার সম্ভবনা থাকে। এছাড়াও দুই পোলে ট্রান্সফারমার স্থাপনে অধিক সময় লাগায় শাটডাউন দীর্ঘায়িত হওয়ার ফলে গ্রাহক ভোগান্তি বৃদ্ধি পায়। অন্যদিকে দুই পোলে ট্রান্সফারমার স্থাপনের খরচও বেশি।

দুই পোল ট্রান্সফারমার স্থাপনে প্রায় ৫০ বর্গফুট জায়গা প্রয়োজন হয়, যেখানে সিঙ্গেল পোল ট্রান্সফারমার স্থাপনে ২৫ বর্গফুট জায়গা প্রয়োজন। সিঙ্গেল পোল ট্রান্সফারমার বাড়ি ঘর বা স্থাপনার বিপরীত দিকে ট্রান্সফারমার স্থাপন করা যায় বিধায় গ্রাহক অধিকতর নিরাপদ থাকেন এবং অগ্নিকাণ্ডসহ বৈদুতিক দুর্ঘটনার আশংকা কম থাকে।

মুজিব বর্ষ উপলক্ষ্যে সিঙ্গেল পোল ট্রান্সফরমার স্থাপন উদ্ভাবন করেছেন মো. মুজিবুর রহমান, প্রধান প্রকৌশলী (অবসরপ্রাপ্ত), ডিপিডিসি। ইনোভেশন কর্মকর্তা হিসাবে এই ট্রান্সফরমার স্থাপন ও চালু করার সার্বিক তত্ত্বাবধান করেছেন সাইফুল আমিন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্টোর সার্কেল, ডিপিডিসি। পুরস্কার প্রাপ্তি উপলক্ষে ব্যবস্থাপনা পরিচালক ইনোভেশন টিমকে শুভেচ্ছা ও ধন্যবাদ জ্ঞাপন করেন।

## জিটুজি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন





গত ২৫ সেপ্টেম্বর বিদ্যুৎ বিভাগের যুগ্ম সচিব ড. শাহ মো. হেলাল উদ্দীন জিটুজি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি গ্রিন মডার্ন টাউন, আদমজী, ওরিয়ন গ্রুপ এবং লামাপার এলাকায় প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সরজমিনে প্রত্যক্ষ করেন।

জিটুজি প্রকল্পের প্রকল্প পরিচালক মো. মাহবুবুর রহমান, প্রকল্পের তত্ত্বাবধায়ক প্রকৌশলী মর্তুজা কামরুল আলম, নির্বাহী প্রকৌশলী হরিচাদ হালদার সহ প্রকল্পের অন্যান্য কর্মকর্তা এবং চীনা ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। পরিদর্শন শেষে যুগ্ম সচিব ড. শাহ মো. হেলাল উদ্দীন প্রকল্পের অগ্রগতি ও গুণগত মানের বিষয়ে সন্তোষ প্রকাশ করেন।

সম্পাদক : **শামীমুল হক শামীম**, উপ-মহাব্যবস্থাপক, পাবলিক রিলেশন্স, ডিপিডিসি

সহ-সম্পাদক : **ইসতিয়াক আহমেদ**, এসিস্ট্যান্ট ম্যানেজার, **মো. মাজহারুল ইসলাম**, জুনিয়র এসিস্ট্যান্ট ম্যানেজার, ডিপিডিসি। আলোকচিত্র : **কে এম দুলাল**। ফোন : ৯৫১৩৮৯৪, ৯৫১৪৯৪৯

Website: www.dpdc.gov.bd, E-mail : dgmhrpr@dpdc.org.bd, ডিপিডিসি'র জনসংযোগ দপ্তর, বিদ্যুৎ ভবন, ১নং আবদুল গনি রোড, ঢাকা কর্তৃক প্রকাশিত ও প্রচারিত।